APR. 1 9 2002

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ......

# ঢাবিতে দ্বিতীয় শিফট চালুর চিন্তা বাদ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আপাতত দ্বিতীয় শিফট চালু হচ্ছে না। বিভিন্ন বিভাগ ও ইন্সটিটিউট থেকে, ইতিবাচক সাড়া না পাওয়ায়

শিফট : পৃষ্ঠা : ১৯ কলাম : ৪

## শিফট : ঢাবি

(১ম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কমিটি এ সিদ্ধান্ত নিয়েছে।

উপাচার্য আনোয়ার উল্লাহ চৌধুরীর সভাপতিত্বে বুধবার সন্ধ্যায় প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত একাডেমিক কমিটির সভায় বিস্তারিত আলোচনা শেষে বলা হয়, যেহেতু বর্তমান শিক্ষাবর্ষে ইতিমধ্যে ক্লাস শুরু হয়ে গেছে এবং সংশ্লিষ্ট বিষয়ে এখনও পর্যন্ত অনুষদের মতামত পাওয়া যায়নি, সেহেতু বর্তমান শিক্ষাবর্ষে দ্বিতীয় শিফট চালু করা সম্ভব নয়। তবে বিভিন্ন অনুষদের মতামত পাওয়া গেলে এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে।

এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার এসোসিয়েশন (ডুকা) বন্ধ করা এবং ছাত্রছাত্রীদের কম্পিউটার প্রশিক্ষণ অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়। এ লক্ষ্যে একটি বাস্তবমুখী প্রস্তাব তৈরির জন্য ইনফরমেশন টেকনোলজি ইন্সটিটিউটের পরিচালক অধ্যাপক আহমদ শফিকে আহ্বায়ক করে ৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্যরা হলেন- অধ্যাপক আফম ইউসুফ হায়দার, রেজাউল করিম, আবুল কালাম, রফিকুর রহমান এবং প্রক্টর নজরুল ইসলাম।

এদিকে সভায় উপস্থিত শিক্ষকবৃন্দ প্রস্তাবিত স্থানেই 'বাংলাদেশ-ইরান সেন্টার ফর পার্সিয়ান' ভবন নির্মাণের পক্ষে মতামত প্রকাশ করেন।